

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০

মিশন ও কল্যাণ অনুবিভাগ

www.probashi.gov.bd

করোনাভাইরাস সংক্রান্ত মনিটরিং কমিটির সভা। তারিখঃ ২৫ মার্চ ২০২০

করোনাভাইরাসঃ প্রবাসীদের অবস্থা এবং সরকারের উদ্যোগ

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সকল লেবার উইংকে প্রতিদিন সংশ্লিষ্ট দেশের করোনাভাইরাস পরিস্থিতি এবং প্রবাসী কর্মীদের স্বাস্থ্যগত অবস্থার প্রতিবেদন প্রেরণের নির্দেশ দিয়েছে। তদনুযায়ী নিয়মিত প্রতিবেদন পাওয়া যাচ্ছে।

বিভিন্ন দেশে স্বাস্থ্য সংক্রান্ত তথ্য শেয়ার করায় বিধিনিষেধ থাকায় বর্তমানে প্রবাসী কতজন বাংলাদেশী করোনায় আক্রান্ত হয়েছেন তার সঠিক তথ্য জানা সম্ভব নয়। তবে আমাদের মিশনসমূহ থেকে প্রাপ্ত তথ্য এবং বিভিন্ন নির্ভরযোগ্য মাধ্যমে প্রাপ্ত তথ্য অনুযায়ী বিদেশে অন্তত ৬৫ জন বাংলাদেশী করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। তাদের মধ্যে অধিকাংশই আছেন ইতালী ও স্পেনে। সিঙ্গাপুরে ৫ জন বাংলাদেশী আক্রান্ত হয়েছিলেন, তাদের মধ্যে একজন ছাড়া সবাই সুস্থ হয়ে কাজে যোগ দিয়েছেন। ওই একজন এখনো নিবিড় পরিচর্যায় আছেন। প্রবাসী কর্মীদের প্রধান গন্তব্য দেশের মধ্যে সৌদি আরবে একজন এবং ইউএইতে ৩ জন বাংলাদেশী আক্রান্ত হয়েছেন; মালয়েশিয়া, কুয়েত, কাতার, ইরাক, গ্রিস, লেবানন, জাপান, থাইল্যান্ড, মালদ্বীপ, হংকং ও বাহরাইনে এখন পর্যন্ত কোনো প্রবাসী বাংলাদেশীর আক্রান্তের খবর পাওয়া যায়নি।

প্রাপ্ত তথ্য অনুযায়ী, যুক্তরাষ্ট্রসহ ৪ দেশে এ পর্যন্ত ভাইরাসে মারা গেছেন ৫ জন বাংলাদেশী।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক এ পর্যন্ত গৃহীত কার্যক্রমঃ

১। প্রবাসী ও বিদেশগামী কর্মীদের ভিসার মেয়াদ উত্তীর্ণ হওয়া বিষয়ে মাননীয় মন্ত্রীর জিসিসি দেশসমূহের দূতালয় প্রধানদের সাথে বৈঠক এবং ভিসার মেয়াদ বর্ধিত করার বিষয়ে আশ্বাস;

২। মন্ত্রণালয়ে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অংশীজনের সমন্বয়ে সভা; অভিভাসনের সাথে সম্পৃক্ত অংশীজনদেরকে করোনা ভাইরাস মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানানো;

৩। সকল শ্রম কল্যাণ উইংকে করোনা ভাইরাস পরিস্থিতি বিষয়ে নিয়মিত আপডেট প্রদানের এবং সংশ্লিষ্ট দেশে অবস্থানরত বাংলাদেশীদের চাহিদানুযায়ী সর্বাত্মক সহযোগিতা প্রদানের নির্দেশ।

সচিবের দপ্তর	
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	
তারিখ নং.....	তাং.....
<input type="checkbox"/> অতিঃস্বপ্নসচিব (প্রশাসন ও অর্থ)	<input type="checkbox"/> একান্ত সচিব/ ব্যক্তিগত কর্মকর্তা
<input type="checkbox"/> অতিঃস্বপ্নসচিব (কর্মসংস্থান, এন: ও মনি:)	
<input type="checkbox"/> অতিঃস্বপ্নসচিব (অভিবাসী কল্যাণ)	
<input type="checkbox"/> অতিঃস্বপ্নসচিব (দপ্তর সুস্থতার প্রশাসন)	

৪। অতিরিক্ত সচিব (মিশন ও কল্যাণ) কে মন্ত্রণালয়ের করোনাভাইরাস সংক্রান্ত কার্যক্রমের ফোকাল পারসন মনোনয়ন এবং তাঁর নেতৃত্বে বিভিন্ন অংশীজনের সমন্বয়ে একটি মনিটরিং কমিটি গঠন। মিশন ও কল্যাণ অনুবিভাগ কর্তৃক সংশ্লিষ্ট সকল অংশীজনের সাথে নিয়মিত যোগাযোগ;

৫। মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের উদ্যোগে ফেব্রুয়ারি/২০২০ মাসে প্রণীত লিফলেট বায়রা ও এনজিওসমূহের মাধ্যমে ব্যাপকভাবে প্রচার; শ্রম কল্যাণ উইং, টিটিসি, আইএমটি, সাপোর্ট সেন্টারকে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান;

৬। মাননীয় মন্ত্রী কর্তৃক মহাপরিচালক এনজিও বিষয়ক ব্যুরোকে মাঠ পর্যায়ের চলমান এনজিও এর মাধ্যমে প্রচারণা চালানোর জন্য ডিও পত্র প্রেরণ;

৭। ০৭টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রবাসী কর্মী ও তাদের পরিবারের সচেতনতার জন্য বিজ্ঞপ্তি প্রকাশ;

৮। সচিব মহোদয় কর্তৃক প্রবাসী কর্মী ও তাদের পরিবারকে উদ্দেশ্য করে বিভিন্ন প্রয়োজনীয় তথ্য ও পরামর্শ সম্বলিত খোলা চিঠি প্রদান;

৯। করোনাভাইরাসের প্রাদুর্ভাবের পরিস্থিতিতে বিভিন্ন গন্তব্য দেশে বাংলাদেশী কর্মী এবং দেশে ফেরত আসা কর্মীদের সম্ভাব্য সংকট মোকাবেলায় কীভাবে কী ধরনের সহযোগিতা প্রদান করা যায় এ বিষয়ে গত ২৩/০৩/২০২০ তারিখে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সভায় এই মর্মে নীতিগত সিদ্ধান্ত নেয়া হয় যে সংশ্লিষ্ট মিশনের চাহিদা অনুযায়ী সর্বোচ্চ সব রকম সহযোগিতার জন্য বোর্ড আর্থিক বরাদ্দ প্রদান করবে;

১০। উন্নয়ন সহযোগি সংস্থাকে বর্তমান পরিস্থিতি মোকাবেলায় এবং যদি সমস্যা দীর্ঘায়িত হয় সেক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে এবং উক্তরূপ সহযোগিতার আশ্বাস পাওয়া গেছে।

১১। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী গত ২৩ মার্চ ২০২০ আইওএম এর মিশন চিফ এর নেতৃত্বে আইওএম টিমের সাথে আলোচনায় মিলিত হয়েছেন। উক্ত সভায় করোনাভাইরাসের প্রাদুর্ভাবের পরিস্থিতিতে বিভিন্ন গন্তব্য দেশে বাংলাদেশী কর্মীদের সম্ভাব্য সংকট মোকাবেলায় করণীয় বিষয়ে আলোচনা করা হয়েছে। উদ্ভূত পরিস্থিতিতে প্রয়োজনীয় সর্বোচ্চ সহযোগিতা প্রদান বিষয়ে আইওএম প্রস্তুত আছে বলে মিশন প্রধান মাননীয় মন্ত্রীকে আশ্বস্ত করেন।

১২। সরকার ঘোষিত ২৬/৩/২০২০ তারিখ হতে ০৪/৪/২০২০ তারিখ পর্যন্ত ছুটির সময়ে যে কোন জুরুরী প্রয়োজনে এ মন্ত্রণালয়ের ফোকাল পারসন এবং উপসচিব (কল্যাণ) এর সাথে তাদের দাপ্তরিক নম্বরের পাশাপাশি ব্যক্তিগত ই-মেইল ও ফোনে যোগাযোগের জন্য শ্রম কল্যাণ উইংসমূহকে বলা হয়েছে।

বিদেশস্থ মিশনসমূহ কর্তৃক গৃহীত উদ্যোগসমূহ

১। বিভিন্ন মিশন করোনাভাইরাস প্রতিরোধ ও মোকাবেলা বিষয়ে স্থানীয়ভাবে ব্যাপক প্রচারণা চালাচ্ছে।

২। বিভিন্ন মিশন কর্তৃক সংশ্লিষ্ট দেশে অবস্থানরত বাংলাদেশীদের মধ্যে চাহিদানুযায়ী হ্যান্ড স্যানিটাইজার, মাস্ক ও গ্লাভস বিতরণ।

৩। কাতার, ইরাক, হংকংসহ বিভিন্ন দূতাবাসে এ বিষয়ে হট লাইন চালু করা হয়েছে। প্রয়োজনানুযায়ী অন্যান্য মিশনেও হটলাইন চালু করা হবে;